ইত্তেফাক

তারিখ 29 JAN 2009
পৃষ্ঠা ১৬ কলাম ৩

ঢাবি'র ৭ বিভাগে মাদ্রাসা ছাত্রদের ভর্তি

# হাইকোর্টের রায়ের বিরুদ্ধে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের আপিল সুপ্রিম কোর্টে খারিজ

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

চলতি শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের 'ক' ও 'খ' ইউনিটের সাতটি বিভাগের ভর্তির ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের আরোপিত শর্তকে অবৈধ ও আইনগত কর্তৃত্ব-বহির্ভূত ঘোষণা করে দেয়া হাইকোর্টের রায়ের বিরুদ্ধে করা লিভ-টু-আপিল খারিজ করে দিয়েছে সুপ্রিমকোর্ট। হাইকোর্টের রায়ের বিরুদ্ধে গত ২৫ জানুয়ারি ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ লিভ-টু-আপিল দায়ের করে। গতকাল বুধবার প্রধান বিচারপতি এমএম রুহুল আমিনের (১৫শ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## হাইকোর্টের রায়ের (১৬ পৃঃ পর)

নেতৃত্বে গঠিত চার সদস্যের আপিল বিভাগের পূর্ণাঙ্গ বেঞ্চ এই আদেশ প্রদান করে। এর ফলে হাইকোর্টের রায় বহাল থাকল বলে জানান কৌসুলিরা। বাংলা, ইংরেজি, গণযোগাযোগ ও সাংবাদিকতা, আন্তর্জাতিক সম্পর্ক, ভাষা বিজ্ঞান, উইমেন এন্ড জেন্ডার স্টাডিজ এবং অর্থনীতি বিভাগে ভর্তির ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের আরোপিত শর্তকে গত ২১ জানুয়ারি হাইকোর্ট অবৈধ ঘোষণা করে। গতকাল উক্ত লিভ-টু- আপিলের ওপর শুনানিতে অংশ নেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের পক্ষে এ্যাডভোকেট এএফএম মেজবাহউদ্দিন। রিটকারির পক্ষের কৌসুলি ব্যারিস্টার আব্দুর রাজ্জাক উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, ২০০৮-২০০৯ শিক্ষাবর্ষের 'ক' ও 'খ' ইউনিটের উক্ত ৭টি বিভাগে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হলে মাদ্রাসা শিক্ষার্থীদের এসএসসি ও এইচএসসি বা সমমানের পরীক্ষায় বাংলা ও ইংরেজি বিষয়ে ২০০ নম্বর করে পড়ে আসার শর্তারোপ করে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।